গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৩২.০১.৫৯২৪.০০০.৩৫.২২.২০২০-১২৬ তারিখ: ২৮/১২/২০২২ খ্রিঃ

২০২৩-২০২৪ চক্রের উপজেলা ভিডব্লিউবি কমিটির সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | জিয়াউল ইসলাম চৌধুরী<br>উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ |
| সভার তারিখ | ২৮/১২/২০২২ |
| সময় | ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | উপজেলা পরিষদ সভাকক্ষ, গজারিয়া, মুন্সীগঞ্জ। |

আলোচ্য সূচীঃ

১। ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রের জন্য ৮ টি ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি হতে প্রাপ্ত ২০৪৯ জন উপকারভোগীর নামের তালিকা চূড়ান্ত অনুমোদন প্রসঙ্গে।

২। ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রে উপকারভোগীদের ব্যাংক হিসাব ও মাসিক সঞ্চয় জমাদান প্রসঙ্গে।

৩। বিবিধ।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রের জন্য ৮ টি ইউনিয়ন ভডিব্লিউবি কমিটি হতে প্রাপ্ত ২০৪৯ জন উপকারভোগীর নামের তালিকা সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে সম্মানিত সকল সদস্যদে প্রতি আহবান জানান।

সভাপতির অনুমতিক্রমে সভায় সদস্য সচিব জনাব সাদিয়া আফরিন জানান যে, অত্র মুন্সীগঞ্জ জেলাস্থিত গজারিয়া উপজেলায় ২০২৩-২০২৪ চক্রের জন্য ২০৪৯ জন ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের নির্দেশ পাওয়া গেলে গত ১৪/১১/২০২২ খ্রিঃ পূর্বের ন্যায় সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সম্মতিতে উপজেলা ভিডব্লিউবি কমিটির অবহিতকরণ সভা আয়েজন করা হয়। সভায় গজারিয়া উপজেলার ৮টি ইউনিয়নের মধ্যে জনসংখ্যা ও দারিদ্রের ভিত্তিতে ২০৪৯ জন ভিডব্লিউবি উপকারভোগী ইউনিয়ন ভিত্তিক বণ্টণ করা হয়। উল্লেখ্য ২০২৩-২০২৪ ভিডব্লিউবি নীতিমালার আলোকে উক্ত ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের জন্য নির্দেশনা প্রদান করা হলে অনলাইনে সারা দেশব্যাপী বিজ্ঞপ্তি প্রচার করা হলে নির্ধারিত সময়ের মধ্যে ৮টি ইউনিয়নের স্ব স্ব ইউনিয়ন সফটওয়ারের মাধ্যমে সর্বোচ্চ সংখ্যক আবেদনকারী ভিডব্লিউবি উপকারভোগী হিসেবে তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করেন। অনলাইনে আবেদনকারীদের মধ্য হতে স্ব স্ব ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি যাচাই-বাছাই শেষে উপকারভোগীর নামের তালিকা নির্ধারিত সময়সীমার মধ্যে ইউনিয়ন ভিডব্লিউবি সফটওয়্যারের মাধ্যমে উপজেলা ভিডব্লিউবি সফটওয়্যারে প্রেরণ করেন। পরবর্তীতে এর ধারাবাহিকতায় গজারিয়া উপজেলার ৮টি ইউনিয়ন হতে ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি কর্তৃক উপকারভোগী যাচাই-বাছাই করা হয়। এছাড়া স্ব স্ব ইউনিয়নের ভিডব্লিউবি কমিটি কর্তৃক অনুমোদিত তালিকাসহ সভায় রেজুলেশন উপজেলা ভিডব্লিউবি কমিটিতে প্রেরণ করেন।

অতঃপর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তালিকাসমূহ কমিটিতে উপস্থাপন করেন এবং এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | কার্ড সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ইমামপুর | ২৯৫ টি | |
| ০২ | গজারিয়া | ২৪৪ টি | |
| ০৩ | ভবেরচর | ২৪৫ টি | |
| ০৪ | টেংগারচর | ১৯৫ টি | |
| ০৫ | বাউশিয়া | ৩১০ টি | |
| ০৬ | গুয়াগাছিয়া | ২৪৯ টি | |
| ০৭ | বালুয়াকান্দি | ২৪০ টি | |
| ০৮ | হোসেন্দী | ২৭১ টি | |
| | মোট কার্ড সংখ্যা | **২০৪৯ টি** | |

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আরও জানান যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের স্মারক নং-৩২.০০.০০০০.০৫৭.০৬.০০৭.১৫.২১৩, তারিখ: ২৪/১০/২০১৬ খ্রিঃ মোতাবেক আগামী ভিডব্লিউবি চক্রে (২০২৩-২০২৪) উপকারভোগীদের মাসিক সঞ্চয় জমাদান মাথাপিছু ২০০/- টাকা নির্ধারণ করা হয়। সঞ্চয় ব্যবস্থাপনায় তালিকায় অন্তর্ভুক্ত সকল উপকারভোগীর নামে ব্যাংক একাউন্ট খূলতে হবে এবং ব্যাংকে টাকা জমা প্রদান করে ব্যাংক রিসিট কপি প্রদর্শন করে চাল বিতরনের নির্ধারিত তারিখে ৩০ কেজি চালের বস্তা গ্রহণ করতে হবে।

গৃহীত সিদ্ধান্তসমূহঃ

সিদ্ধান্ত-১ : সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যদের সাথে এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন এবং সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে ৮ টি ইউনিয়ন হতে দাখিলকৃত ২০৪৯ জনের তালিকা চুড়ান্ত অনুমোদন করেন (তালিকা সংযুক্ত)।

সিদ্ধান্ত-২ : ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির আওতায় উপকারভোগীর ব্যাংক হিসাব নম্বর সংশ্লিষ্ট ইউনিয়নের এজেন্ট ব্যাংকিং অথবা অন্য কোন ব্যাংকে হিসাব খোলার ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৩ : সকল ভিডব্লিউবি উপকারভোগীকে সশরীরে উপস্থিত থেকে নির্ধারিত তারিখে চালের বস্তা গ্রহণ করতে হবে।

যদি কোন উপকারভোগী কোন বিশেষ কারন ছাড়া (শারীরিক অসুস্থতা বা অন্যান্য কারণ) পর পর তিন মাস সশরীরে চালের বস্তা গ্রহণ না করেন তবে ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি সেই উপকারভোগীর নাম সংশোধন করে অনলাইনে অপেক্ষমান তালিকা হতে নতুন উপকারভোগীর নামের প্রস্তাব উপজেলা কমিটিতে প্রেরণ করবেন এ মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৪ : উপজেলা ভিডব্লিউবি কমিটি তালিকা অনুমোদনের পরবর্তী আগামী ১৯/০১/২০২৩ ইং তারিখের মধ্যে প্রতি ইউনিয়নের ট্যাগ অফিসারের উপস্থিতিতে প্রত্যেক নির্বাচিত উপকারভোগী মহিলার ভিডব্লিউবি কার্ড বিতরন নিশ্চিত করতে হবে এ মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৫ : আগামী ভিডব্লিউবি চক্রে (২০২৩-২০২৪) উপকারভোগীদের মাথাপিছু মাসিক সঞ্চয় ২০০/- টাকা নির্ধারণ করা হয় এবং চক্র সমাপ্ত হওয়ার পরে সংশ্লিষ্ট টাকা উপকারভোগীদের মাঝে পুনরায় ফেরত প্রদান করা হবে। ৮ টি ইউনিয়নের চেয়ারম্যানগণ (ইউপি ভিডব্লিউবি কমিটির সভাপতি) এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবেন এ মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৬ : ভিডব্লিউবি চাল বিতরনের পূর্বে সকল ইউনিয়নের সংযুক্ত ট্যাগ অফিসারগণকে অবহিত করতে হবে এবং ট্যাগ অফিসারের উপস্থিতিতে চাল বিতরণ করতে হবে। সরকারি ছুটির দিন ব্যতীত অন্যান্য দিনে চাল বিতরণ করতে হবে এ মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৭ : প্রতিটি ইউনিয়ন হতে এনজিও প্রতিনিধি, সচিব, ট্যাগ অফিসার ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন চাল বিতরণের তারিখ হতে ৪ দিনের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে প্রেরণ করতে হবে এ মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১২/22

জিয়াউল ইসলাম চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
গজারিয়া, মুন্সীগঞ্জ
ও
সভাপতি
উপজেলা ভিডব্লিউবি বাস্তবায়ন কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৩২.০১.৫৯২৪.০০০.৩৫.২২.২০২০-১২৬ তারিখ: ২৮/১২/২০২২ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থেঃ

০১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-৩ ( গজারিয়া-মুন্সীগঞ্জ সদর )
০২। উপপরিচালক (ভিডব্লিউবি),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
০৬। অফিস কপি।

২৮/১২/২০22

সাদিয়া আফরিন
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
গজারিয়া, মুন্সীগঞ্জ
ও
সদস্য সচিব
উপজেলা ভিডব্লিউবি বাস্তবায়ন কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।